Dean

বিইউপি

বিইউপি রিসার্চ সেন্টার (BUP Research Centre)

এল এম

২৩.০১.৯০২.৮৫৮.৬২.৭৮৬.১০১

২০২৬-২০২৭ অর্থবছরে বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি) এর গবেষণা প্রকল্পের জন্য আবেদন আহবান প্রসঙ্গে

১। ২০২৬-২০২৭ অর্থবছরে বিইউপি রিসার্চ সেন্টারের অধীনে ০১ (এক) বছর মেয়াদী গবেষণা প্রকল্পের জন্য অত্র পত্রের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমে আবেদন আহবান করা হচ্ছে। গবেষণা প্রকল্পে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) আবেদনকারীকে অবশ্যই অত্র বিশ্ববিদ্যালয়ে (চুক্তিভিত্তিক ও স্ব-অর্থায়ন ব্যতীত) কর্মরত শিক্ষক/কর্মকর্তা হতে হবে। শিক্ষক/কর্মকর্তা (৯ম গ্রেড-তদুর্ধ্ব) একক অথবা যৌথভাবে আবেদন করতে পারবেন।

(খ) ২০২৫-২০২৬ অর্থবছরে ও তৎপূর্বে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/বিইউপির অর্থায়নে অন্য কোন প্রকল্প চলমান থাকলে নতুন প্রকল্প প্রস্তাব বিবেচিত হবে না।

(গ) একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা যাবে না।

(ঘ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে ইউজিসির পরিপত্রে উল্লেখিত সকল শর্তাবলী ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে।

(ঙ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা অনুষদের জন্য প্রস্তাবিত বাজেট ২,৬০,০০০.০০ (দুই লক্ষ ষাট হাজার টাকা মাত্র) এবং জীব/ভৌত/রসায়ন/চিকিৎসা/প্রকৌশল/কৃষি বিজ্ঞান (ক্রপ সায়েন্স ও লাইফ সায়েন্স) অনুষদের জন্য প্রস্তাবিত বাজেট ৩,০০,০০০.০০ (তিন লক্ষ টাকা মাত্র) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

(চ) প্রযোজ্য ক্ষেত্রে গবেষণার বিষয় জরিপ ভিত্তিক হওয়া বাঞ্ছনীয়।

(ছ) আবেদনপত্রের ফরম ও অনুদানের শর্তাবলীর ফরম বিভাগীয়/শাখা/ডিন/অফিস প্রধানের দ্বারা অনুস্বাক্ষরের পর ০২ (দুই) সেট বিআরসি'তে জমা দিতে হবে।

(জ) প্রকল্প প্রস্তাবের (হার্ড কপি) ০৬ (ছয়) কপি টেপ বাইন্ডিং করে বিআরসি'তে জমা দিতে হবে।

(ঝ) প্রকল্প প্রস্তাবের সফ্ট কপি Microsoft Office Word and PDF ফরমেটে সংশ্লিষ্ট ক্যাটাগরি অনুযায়ী বিইউপি রিসার্চ সেন্টার এর দাপ্তরিক ই-মেইল brc@bup.edu.bd পাঠাতে হবে।

(ঞ) প্রকল্প প্রস্তাব নির্দিষ্ট ফরম ও শর্তাবলি অনুযায়ী হতে হবে এবং অসম্পূর্ণ প্রস্তাব বাতিল বলে গণ্য হবে। গবেষণা প্রকল্পের আবেদন ফরম, তথ্য ছক ও অনুদানের শর্তাবলি পূরণ করতঃ আগামী ০৯ জুন ২০২৬ তারিখের মধ্যে বিইউপি রিসার্চ সেন্টারে জমা দিতে হবে।

২। বিষয়টি আপনাদের পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মো: শামসুজ্জামান খান
অতিরিক্ত পরিচালক
বর্ধিত- ৮৫৫৬

২৭ এপ্রিল ২০২৬

সংযুক্তিঃ

১। Application Form/Proforma for Submitting Research Project-০৩ পাতা।

২। অনুদানের শর্তাবলির ফরম-০২ পাতা।

৩। Sequence for Submitting Proposal for BUP Research Project-০২ পাতা।
৪। Information Table for Previous Research Projects-০১ পাতা।
৫। International Journal Publication List-০১ পাতা।
৬। Sample for Cover Page-০১ পাতা।

প্রতিঃ
সকল বিভাগ/শাখা/ফ্যাকাল্টি/অফিস

অবগতিঃ
ভিসি'র সচিবালয়
প্রো-ভিসি'র অফিস